

ফাতওয়া নাস্বার: ২২

তারিখ: ০৬-০৬-২০২০ ইংরেজি

জুমআর দিন ৮০ বার দুর্কদ পড়ার হাদীসটির তাহকীক জানতে চাই।

প্রশ্ন:

জুমআর দিন আসরের নামাজের পর ৮০ বার দুর্কদ পড়ার হাদীসটির তাহকীক জানতে চাই।

মুহা: কামাল হোসাইন

উত্তর:

প্রিয় ভাই! আপনি যে হাদীসটি সম্পর্কে জানতে চেয়েছেন, তা হল,

عن أبي هريرة: من صلى صلاة العصر من يوم الجمعة فقال قبل أن يقوم من مكانه اللهم صل على محمد النبي الأمي وعلى آله وسلم تسليماً ثمانين مرة غفرت له ذنوب ثمانين عاماً وكتبت له عبادة ثمانين سنة

আবু হুরাইরা রাযি. হতে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, “যে ব্যক্তি জুমার দিন আসরের সালাতের পর তার স্থান ত্যাগ করার পূর্বেই ৮০ বার এ দুর্কদ পড়বে,

اللَّهُمَّ صَلِّ عَلَى مُحَمَّدٍ النَّبِيِّ الْأُمِّيِّ وَعَلَى آلِهِ وَسَلِّمْ تَسْلِيمًا

তার ৮০ বছরের গুনাহ ক্ষমা করে দেয়া হবে এবং তার (আমলনামায়) ৮০ বছর ইবাদতের সওয়াব লিপিবদ্ধ করা হবে।” -আলকাউলুল বাদী, সাখাতী রহ. পৃ: ১৯৯

হাদীসটি সাখাতী রহ. আলকাউলুল বাদী’তে ইবনে বাশকুওয়াল রহ. এর উদ্ধৃতিতে উল্লেখ করেছেন, কিন্তু তিনি এর সনদ উল্লেখ করেননি। ইবনে বাশকুওয়াল রহ. এর দুর্কদের কিতাব ‘আলকুরবা’তেও হাদীসটি পাওয়া যায়নি।

তাই সনদ পাওয়া যাওয়া এবং সে সনদের নির্ভরযোগ্যতা প্রমাণিত হওয়ার আগ পর্যন্ত এ বক্তব্যটিকে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের হাদীস বলার কোনও সুযোগ নেই এবং সে ভিত্তিতে এ ফজিলত বয়ান করারও কোন সুযোগ নেই।

তবে এ ক্ষেত্রে আমলযোগ্য যে হাদীসটি বর্ণিত আছে তা হচ্ছে-

আউস ইবনে আউস রা. থেকে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন-

... إن من أفضل أيامكم يوم الجمعة ... فأكثرُوا علي من الصلاة فيه، فإن صلاتكم معروضة علي

“নিশ্চয়ই জুমার দিন শ্রেষ্ঠতম দিনগুলোর অন্যতম। ... সুতরাং সেদিন তোমরা আমার ওপর বেশি বেশি দুর্কদ পড়া নিশ্চয় তোমাদের দুর্কদ আমার কাছে পেশ করা হয়।” -সুনানে আবু দাউদ, হাদীস: ১০৪৭; সুনানে নাসায়ী, হাদীস: ১৩৭৪; মুসনাদে আহমদ, হাদীস: ১৬১৬২; সহীহ ইবনে হিব্বান, হাদীস: ৯১০, শায়েখ শুয়াইব আরনাউত হাদীসটিকে সহীহ বলেছেন।

এ হাদীসে জুমআর দিন বেশি বেশি দুর্কদ পড়ার কথা বলা হয়েছে। তাই এ দিনে খুব বেশি দুর্কদের আমল করা চাই।



আল-লাজনা তুশ শারইয়্যাহ লিদ-দাওয়াতি ওয়ান-নুসরাহ

اللجنة الشرعية للدعوة والنصرة
উচ্চতর ইসলামী আইন গবেষণা বিভাগ

فقط. والله تعالى اعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি

৬ই জুন, ২০২০ ইংরেজি



اللجنة الشرعية للدعوة والنصرة
উচ্চতর ইসলামী আইন গবেষণা বিভাগ